

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
অনুষ্ঠান শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(www.moca.gov.bd)

**বিষয়: বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগীতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনা প্রস্তুত সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোস্তফা সরয়ার ফারুকী  
মাননীয় উপদেষ্টা  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
সভার তারিখ : ০৮ ডিসেম্বর ২০২৪  
সময় : বিকাল ৩.০০ টা  
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ  
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (অনুষ্ঠান) কার্যপত্র উপস্থাপন করেন। বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগীতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধনের লক্ষ্যে প্রধান উপদেষ্টার কার্যালয় এর গত ২৭ নভেম্বর ২০২৪ তারিখের পত্রে সংযুক্ত কর্মসূচি এবং ইতোপূর্বে এ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে উৎসবমুখর পরিবেশে তারুণ্যের উৎসব-২০২৫ নিজস্ব বাজেট থেকে উদ্বোধনের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

২.০ বিস্তারিত আলোচনান্তে তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধনের লক্ষ্যে সভায় নিম্নরূপ কর্মসূচি নির্ধারণে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচ্যসূচি	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	“এ্যাক্রোবেটিক শো” এর পরিবর্তে নাচ, গান, থিয়েটার ও নাটকসহ বিভিন্ন ইভেন্টের সমন্বয়ে বিশেষ পরিবেশনা।	জাতীয় সংসদের সামনে “এ্যাক্রোবেটিক শো” এর পরিবর্তে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের বিদ্রোহী কবিতা ও জুলাই অভ্যুত্থান নিয়ে নাচ, গান, থিয়েটার ও নাটকসহ বিভিন্ন ইভেন্টের সমন্বয়ে বিশেষ পরিবেশনার আয়োজন করা হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি।
২.২	বইমেলার আয়োজনে জুলাইয়ের ছাপ।	অমর একুশে গ্রন্থমেলা ২০২৫ এর আয়োজন/ডেকোরেশনে জুলাই অভ্যুত্থান এর প্রতিফলন থাকতে হবে। উক্ত বই মেলায় গণগ্রন্থাগার অধিদপ্তর ও জাতীয় গ্রন্থকেন্দ্র ছাড়াও মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য দপ্তর/সংস্থাও অংশগ্রহণ করবে।	বাংলা একাডেমি, গণগ্রন্থাগার অধিদপ্তর, জাতীয় গ্রন্থকেন্দ্র ও অন্যান্য দপ্তর/সংস্থা
২.৩	চারু ও কারু মেলার আয়োজন।	বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন চারু ও কারু মেলার আয়োজন করবে এবং বিক্রিত কারুপণ্য পরিবেশবান্ধব প্যাটের/কাপড়ের ব্যাগে ক্রেতাকে দিতে হবে।	বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও।
২.৪	চিত্র প্রদর্শনী আয়োজন।	আর্ট গ্যালারীতে জুলাই বিপ্লবের চিত্র প্রদর্শনী আয়োজন করা হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি।
২.৫	ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন।	তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধন বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে যুগ্মসচিব জনাব আইরীন ফারজানা-কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হলো।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

ক্রমিক নম্বর	আলোচ্যসূচি	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.৬	১৭টি দপ্তর/সংস্থার অংশগ্রহণ	তারুণ্যের উৎসব-২০২৫ উদ্যাপনে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ১৭টি দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠান আয়োজন করবে। অনুষ্ঠানের একটি রূপরেখা সকল দপ্তর/সংস্থা আগামী ১৫ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে অবহিত করবে।  জেলা ও উপজেলা পর্যায়ে জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে জেলা/উপজেলা শিল্পকলা একাডেমি অংশগ্রহণ করবে।	১৭টি দপ্তর/সংস্থা
২.৭	বাংলার ভোজ আয়োজন।	ট্যুরিজম এন্ড হসপিটালিটি ইন্ডাস্ট্রি স্কিলস্ কাউন্সিল এর উদ্যোগে আগামী ৫-৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত বাংলার “ভোজ শীর্ষক” ফুড ফেস্টিভ্যাল আয়োজন তারুণ্যের উৎসব- ২০২৫ উদ্যাপন এর অংশ হিসেবে গণ্য হবে।	ট্যুরিজম এন্ড হসপিটালিটি ইন্ডাস্ট্রি স্কিলস্ কাউন্সিল
২.৮	বই মেলায় শিশুদের জন্য প্রতিযোগিতার আয়োজন।	অমর একুশে গ্রন্থমেলা ২০২৫ উপলক্ষ্যে শিশুদের জন্য রচনা, চিত্রাংকন, বিতর্ক, সাধারণজ্ঞান, কবিতা আবৃত্তি ইত্যাদি বিষয়ে প্রতিযোগিতার আয়োজন করতে হবে।	বাংলা একাডেমি
২.৯	বই মেলায় শহিদ পরিবারের সদস্য/ আহত/অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের গল্প বলার মঞ্চ তৈরি।	অমর একুশে গ্রন্থমেলা ২০২৫ উপলক্ষ্যে জুলাই বিপ্লবে শহিদ পরিবারের সদস্য/আহত/অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের গল্প বলার একটি মঞ্চ তৈরি করতে হবে। যেখানে প্রতিদিন শহিদ পরিবার/আহত/অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের গল্প বলা হবে। উক্ত গল্পসমূহ ডিজিটাল ওরাল আরকাইভস এ সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাংলা একাডেমি এবং আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

৩.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি তারুণ্যের উৎসব-২০২৫ উদ্যাপনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক  
সহযোগিতা প্রত্যাশা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তফা সরয়ার ফারুকী  
উপদেষ্টা